**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১৮ আগস্ট ২০১৫, ৩ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আইটিইউ পুরস্কারের জন্য মনোনীত হলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। মানি লন্ডারিং অপরাধ তদন্তে যুক্ত হবে একাধিক সংস্থা : মন্ত্রিসভায় আইনের সংশোধন
৩। প্রতি জেলায় স্বায়ত্তশাসিত সরকার প্রতিষ্ঠা করতে হবে : অর্থমন্ত্রী
৪। সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উপড়ে ফেলতে হবে : তথ্যমন্ত্রী
৫। বিচার বিভাগের ভাবমূর্তি বিনষ্টে ষড়যন্ত্র চলছে : প্রধান বিচারপতি
৬। জেএসসি ও জেডিসি পরীক্ষার চূড়ান্ত সময়সূচি প্রকাশ
৭। ভেজাল প্যারাসিটামল খেয়ে শিশুর মৃত্যুতে ৬ জনের ১০ বছর করে কারাদণ্ড
৮। ঝুট ব্যবসা ও আধিপত্য নিয়ে বাড্ডায় ট্রিপল মার্ডার : গ্রেফতার ২ জন
৯। ভিসা জটিলতায় হজযাত্রীদের ভোগান্তি : হজে যেতে পারেননি ৪১৯ জন
১০। এমডিজির সাফল্যে জাতিসংঘে গুরুত্ব বেড়েছে বাংলাদেশের
১১। এবার চুরির দায়ে রাজধানীতে কিশোরকে পিটিয়ে হত্যা
১২। অটিস্টিক শিশুদের সামাজিক প্রতিবন্ধকতা দূর করার তাগিদ
-কাউকে বাদ দিয়ে উন্নয়ন সম্ভব নয় : সায়মা ওয়াজেদ হোসেন
১৩। বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২৬ বিলিয়ন ডলার ছাড়ালো

চলমান পাতা/২

১। আইটিইউ পুরস্কারের জন্য মনোনীত হলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চলতি বছরের আইটিসির টেকসই উন্নয়ন পুরস্কারের জন্য মনোনীত করেছে। গতকাল ১৭ আগস্ট সোমবার ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম সচিবালয়ে মন্ত্রিসভার সাপ্তাহিক নিয়মিত বৈঠকে একথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.১), সমকাল (পৃ.২,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

২। মানি লন্ডারিং অপরাধ তদন্তে যুক্ত হবে একাধিক সংস্থা : মন্ত্রিসভায় আইনের সংশোধন

মানি লন্ডারিং অপরাধের তদন্ত ক্ষমতা যৌথভাবে একাধিক সরকারি সংস্থার ওপর ন্যস্ত করার পাশাপাশি এই আইনের অধীনে সংঘটিত অপরাধের শাস্তির পরিমাণ বাড়ানো হচ্ছে। এরকম বিধান রেখে বিদ্যমান মানি লন্ডারিং আইন সংশোধন করার খসড়া প্রস্তাব মন্ত্রিসভা অনুমোদন করেছে। বিদ্যমান আইনে মানি লন্ডারিং আইনের অপরাধের তদন্ত শুধু দুর্নীতি দমন কমিশন (দুদক) করতে পারে। সংশোধিত আইন কার্যকর হলে দুদকের পাশাপাশি পুলিশ, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) দায়িত্ব পাবে। গতকাল ১৭ আগস্ট সোমবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভা কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'মানি লন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন-২০১৫' এবং 'দুর্নীতি দমন কমিশন (সংশোধন) আইন ২০১৫' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

৩। প্রতি জেলায় স্বায়ত্তশাসিত সরকার প্রতিষ্ঠা করতে হবে : অর্থমন্ত্রী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে দেশের প্রতি জেলায় স্বায়ত্তশাসিত সরকার প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, এখন আমরা যদি প্রতি জেলায় স্বায়ত্তশাসিত সরকার প্রতিষ্ঠা করতে পারি তাহলে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়িত হবে। গতকাল ১৭ আগস্ট সোমবার সচিবালয়ে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪)।

৪। সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উপড়ে ফেলতে হবে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, 'পঁচাত্তরের পনেরো আগস্ট জাতির পিতাকে হত্যার মাধ্যমে বাংলাদেশের ইতিহাস ধ্বংসের চেষ্টা চালানো হয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার কুচক্রীদের পরাজিত করার পর বাংলাদেশ তার নিজস্ব পথে চলতে শুরু করেছে। এই পথচলা অব্যাহত রাখতে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উপড়ে ফেলতে ঐকবদ্ধ হতে হবে।' গতকাল ১৭ আগস্ট সোমবার বাংলাদেশ সচিবালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আলোকচিত্র প্রদর্শনী উদ্বোধনকালে তথ্যমন্ত্রী এ কথা বলেন। তথ্য অধিদফতর আয়োজিত এ প্রদর্শনী আগামী ২০ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল দশটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত উন্মুক্ত থাকবে। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬), যুগান্তর (পৃ.১৫,ক.৩), মানবজমিন (পৃ.২,ক.১)।

৫। বিচার বিভাগের ভাবমূর্তি বিনষ্টে ষড়যন্ত্র চলছে : প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, বিচার বিভাগের স্বাধীনতা ও ভাবমূর্তি বিনষ্টে ষড়যন্ত্র চলছে। আমি প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর বিচার বিভাগে গতিশীলতা ফিরে আসায় এবং বিচারকরা স্বাধীনভাবে বিচার কাজ পরিচালনা করতে পারছেন বলেই তা ব্যাহত করতে এই ষড়যন্ত্র চলছে। তিনি বলেন, নতুন প্রজন্মের জন্য আইনের শাসন ও ন্যায় বিচার নিশ্চিত করতে চাই। এ লক্ষ্যে বিচার বিভাগ কাজ করে যাচ্ছে। গতকাল ১৭ আগস্ট সোমবার নাটোর জেলা আইনজীবী সমিতির সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৮)।

৬। জেএসসি ও জেডিসি পরীক্ষার চূড়ান্ত সময়সূচি প্রকাশ

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার চূড়ান্ত সময়সূচি প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল ১৭ আগস্ট সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এ তথ্য জানান। আগামী ১ নভেম্বর থেকে এই পরীক্ষা শুরু হয়ে এ পরীক্ষা শেষ হবে ১৮ নভেম্বর। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১)।

৭। ভেজাল প্যারাসিটামল খেয়ে শিশুর মৃত্যুতে ৬ জনের ১০ বছর করে কারাদণ্ড

ভেজাল প্যারাসিটামল সিরাপ খেয়ে শিশু মৃত্যুর মামলায় ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান বিসিআই কোম্পানির নির্বাহী পরিচালক, পরিচালকসহ ৬ জনকে ১০ বছর করে কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ২ লাখ টাকা করে জরিমানা, অনাদায়ে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। ঢাকা বিভাগীয় বিশেষ জজ এম আতাউর রহমানের আদালত গতকাল ১৭ আগস্ট সোমবার এ দণ্ডাদেশ দেন। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৮), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৬)। ভোরের কাগজ, সমকাল,ডেইলি স্টার,

ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। ঝুট ব্যবসা ও আধিপত্য নিয়ে বাড্ডায় ট্রিপল মার্ডার : গ্রেফতার ২ জন

বাড্ডায় তিন খুনের সঙ্গে জড়িত সন্দেহে থানা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ফারুক মিলনসহ দুইজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গ্রেফতারকৃত অপরজন হলেন আওয়ামী লীগ কর্মী নূর মোহাম্মদ। গতকাল ১৭ আগস্ট সোমবার ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যাণ্ড পাবলিক রিলেশন শাখায় এক সাংবাদিক সম্মেলনে গ্রেফতারকৃত দুইজনকে হাজির করা হয় সাংবাদিকদের সামনে। সূত্র-ইত্তেফাক (পৃ.৫,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। ভিসা জটিলতায় হজযাত্রীদের ভোগান্তি : হজে যেতে পারেননি ৪১৯ জন

লজমেন্ট হওয়ার পরও ভিসা না হওয়ায় প্রতিদিনই শত শত যাত্রীকে বিমানের ফ্লাইট মিস করতে হচ্ছে। এজন্য প্রতিদিনই বিপুল অঙ্কের টাকা ক্ষতিপূরণ দিতে হচ্ছে হজ গমনেচ্ছু যাত্রী এবং এজেন্সি মালিকদের। অথচ নিজেদের অজ্ঞতা বা দায়িত্বে অবহেলার কারণে এ ঘটনা ঘটলেও তা স্বীকার না করে দায় এড়িয়ে চলছেন হজ সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তারা। এদিকে ভিসা না পাওয়ায় গতকাল ১৭ আগস্ট সোমবার ৪১৯ জন হজযাত্রী সৌদি আরবের উদ্দেশে রওনা হতে পারেননি। সকাল ৯টা ৫ মিনিটে ছেড়ে যায় ওই ফ্লাইটটি। এর মধ্যে ১০৯ জন সরকারি ব্যবস্থাপনায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের হজ ফ্লাইটে যাওয়ার কথা ছিল। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৭), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৬)।

১০। এমডিজির সাফল্যে জাতিসংঘে গুরুত্ব বেড়েছে বাংলাদেশের

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে বাংলাদেশের সফলতা আসন্ন জাতিসংঘ সম্মেলনে মডেল হিসেবে তুলে ধরা হবে। ১৫ বছরব্যাপী নতুন এই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) গ্রহণের ক্ষেত্রে জাতিসংঘ বাংলাদেশকে মডেল হিসেবে সামনে নিয়ে আসতে পারে। যাতে উন্নয়নশীল দেশগুলো এই মডেল অনুসরণ করে এসডিজি অর্জনে সফল হতে পারে। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র এ তথ্য জানায়। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.১)।

১১। এবার চুরির দায়ে রাজধানীতে কিশোরকে পিটিয়ে হত্যা

মোবাইল চুরির অভিযোগে রাজধানীর হাজারীবাগের গণকটুলিতে মো. রাজা নামের মানসিক প্রতিবন্ধী এক কিশোরকে পিটিয়ে হত্যা করা হয়েছে। গতকাল ১৭ আগস্ট সোমবার রাজাকে ধরে নিয়ে থানা ছাত্রলীগের সভাপতি আরজু ও তার লোকজন পিটিয়ে হত্যা করেছে বলে অভিযোগ নিহতের স্বজনদের। রাজাকে অচেতন অবস্থায় বিকেল ৫টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। সূত্র-ভোরের কাগজ (পৃ.১, ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)। যুগান্তর, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১২। অটিস্টিক শিশুদের সামাজিক প্রতিবন্ধকতা দূর করার তাগিদ

-কাউকে বাদ দিয়ে উন্নয়ন সম্ভব নয় : সায়মা ওয়াজেদ হোসেন

অটিস্টিক শিশুদের অধিকাংশের বাবা ও মা উচ্চশিক্ষিত বলে এক গবেষণায় দেখা গেছে। উক্ত গবেষণায় বলা হয়, অটিস্টিক শিশুদের ৪৩ শতাংশের মা এবং ৫২ শতাংশের বাবা স্নাতকোত্তর বা উচ্চ শিক্ষায় শিক্ষিত এবং তারা অবস্থা সম্পন্নও হয়ে থাকেন। তবে তাদের প্রতি ৪ জনের মধ্যে একজন মা হতাশায় ভোগেন। গতকাল ১৭ আগস্ট সোমবার আইসিডিডিআরবি অডিটরিয়ামে আয়োজিত এক সেমিনারে এই গবেষণা তথ্য তুলে ধরা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক দ্বীন মোহাম্মদ নুরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গ্লোবাল অটিজম পাবলিক হেলথ ইনিশিয়েটিভ ইন বাংলাদেশের জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ হোসেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), প্রথম আলো (পৃ.৫,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.৫,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.৫)।

১৩। বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২৬ বিলিয়ন ডলার ছাড়ালো

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ স্মরণকালের রেকর্ড ২৬ বিলিয়ন ডলার ছাড়িয়েছে। রপ্তানিতে ইতিবাচক ধারা, প্রবাসী বাংলাদেশিদের পাঠানো রেমিট্যান্স ও প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ দেশের রিজার্ভ বৃদ্ধিতে প্রধান ভূমিকা পালন করেছে। গতকাল ১৭ আগস্ট সোমবার বাংলাদেশ ব্যাংক এ তথ্য জানিয়েছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), প্রথম আলো (পৃ.১৩,ক.৫), সমকাল (পৃ.২,ক.৫), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৫), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : বাংলাদেশের হজযাত্রীদের জন্য প্রথমবারের মতো চালু হওয়া সৌদি ই-ভিসা পদ্ধতির কারণে হজের প্রথম ফ্লাইটে ৪১৯ জন যাত্রীর যাত্রা বাতিল হওয়ায় হজযাত্রীদের জন্য তা বড় দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে ভিসা বিষয়ক এ জটিলতা দূর করতে ধর্ম মন্ত্রণালয়সহ সরকারের শীর্ষ পর্যায়ের বিশেষ উদ্যোগ জরুরি হয়ে পড়েছে বলে মন্তব্য;

খ. জনকণ্ঠ : টানাবর্ষণ আর উজান থেকে আসা পাহাড়ি ঢলে দেশের দক্ষিণাঞ্চলে বন্যা দেখা দিলেও অনাবৃষ্টির কারণে উত্তরের বেশিরভাগ জেলার অপেক্ষাকৃত উঁচু অঞ্চলে তীব্র খরা পরিস্থিতি বিরাজ করায় উদ্বেগ প্রকাশ করে প্রকৃতির বিপরীতমুখী এই প্রভাব থেকে উত্তরণের উপায় খুঁজে বের করার ওপর গুরুত্বারোপ;

গ. সংবাদ, প্রথম আলো, সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার : ১৫ আগস্ট শোক দিবস পালনের জন্য চাঁদা চেয়ে না পেয়ে চাঁদপুরের কচুয়া উপজেলার ভুইয়ারা উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের লাঞ্ছিত করেছে যুবলীগের স্থানীয় কর্মীরা এ ঘটনার নিন্দা জানিয়ে জনজীবনে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠার স্বার্থে যুবলীগ-ছাত্রলীগের অন্যায় অপকর্মের আইনি প্রতিকার করার দাবি;

ঘ. সমকাল : চট্টগ্রাম জেলা প্রশাসকের রাজস্ব বিভাগ এক জরিপে কর্ণফুলী নদীর তীরের দেড় শতাধিক একর জমিতে দুই হাজার স্থাপনার যে চিত্র ফুটে উঠেছে তা উদ্বেগজনক উল্লেখ করে দখলদার ও দূষণকারীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঙ. ডেইলি স্টার : বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ৭.৫ শতাংশ ভ্যাট আরোপের প্রভাব ছাত্রদের ওপর পড়ার আশঙ্কা প্রকাশ;

চ. ইন্ডিপেনডেন্ট, যুগান্তর : ৩০ প্রকার খাদ্যপণ্যে প্রায় ৪০ শতাংশ ভেজাল এবং ১৩ প্রকার খাদ্যপণ্যে ১০০ শতাংশ ভেজাল থাকার সংবাদে উদ্বেগ প্রকাশ করে খাদ্যপণ্যে ভেজাল প্রদানকারীদের জন্য কঠোর ও কার্যকর আইন প্রণয়ন করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি;

ছ. ডেইলি সান : দেশে দেশি-বিদেশি বিনিয়োগের পথে নানা ধরনের বাধা দূর করতে সুদের হার কমানোসহ ভূমি, গ্যাস ও পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করে বিনিয়োগের অনুকূল পরিবেশ তৈরির উপর গুরুত্বারোপ;

জ. নিউজ টুডে : ঢাকা সিটি কর্পোরেশনের মেয়রদেরকে নাগরিকদের কাছে দেওয়া প্রতিশ্রুতি পালনে উদ্যোগী পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে একটি গণতান্ত্রিক রাষ্ট্রে আদালতের মর্যাদা সমুন্নত রাখা নাগরিকদের কর্তব্য বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'ইতিহাসের হিরন্ময় নাম বঙ্গবন্ধু' শিরোনামের নিবন্ধে মোহাম্মদ শাহজাহান রাজনীতিতে আদর্শ ও মূল্যবোধের চর্চায় বঙ্গবন্ধু এক অসাধারণ ব্যক্তিত্ব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা